

া সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬৫

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যদি কেউ রুকু এবং সিজদায় পিঠ স্থির না রাখে।

باب مَا جَاءَ فِيمَنْ لاَ يُقِيمُ صُلْبَهُ فِي الرُّكُوعِ وَالسُّجُودِ

আরবী

বাংলা

২৬৫. আহমদ ইবনু মানী (রহঃ) আবূ মাসউদ আল আনসারী আল বাদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ রুকু ও সিজদার সময় যদি কেউ তাঁর পিঠ স্থির না রাখে তবে তাঁর সালাত হবে না। - ইবনু মাজাহ ৮৭০, তিরমিজী হাদিস নম্বরঃ ২৬৫ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আলী ইবনু শায়বান, আনাস, আবূ হুরায়রা, রিফাআ আয যুরাকী রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত রয়েছে। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আবূ মাসঊদ রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটি হাসান ও সহীহ। সাহাবী ও পরবর্তী যুগের আলিমগণ এই হাদিস অনুসারে আমল করে থাকেন। তাঁরা রুকূ ও সিজদার সময় পিঠ স্থির রাখার বিধান দিয়েছেন। ইমাম শাফিঈ, আহমদ ও ইসহাক (রহঃ) বলেন রুকূ ও সিজদার সময় পিঠ স্থির না রাখলে সালাত ফাসিদ বরে গণ্য হবে। কারণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন কেউ



যদি রুকু এবং সিজদায় তাঁর পিঠ স্থির না রাখে ততে তাঁর সালাত হবে না। রাবী আবৃ মা'মারের নাম হল আবদুল্লাহ ইবনু সাখবারা। আর আবৃ মাসঊদ রাদিয়াল্লাহু আনহু আনাসারী ছিলেন বদর যুদ্ধে অংশগ্রহণকারী সাহাবী। তাঁর নাম হল উকবা ইবনু আমর।

English

Abu Mas'ud Al-Ansari [Al-Badri] narrated that : Allah's Messenger said: "The Salat is not acceptable if a man is not at rest meaning his back - while bowing and prostrating."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ মাসউদ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন